exyte

Bringing the future
of technology to life



05/2022 bn

exyte.net

# Code of Conduct

COMPLIANCE
» The right way « exyte

exyte



COMPLIANCE
» The right way « exyte

# Code of Conduct

## সূচীপত্র


| | | |
|---|---|---|
| | নির্বাহী পরিষদের বাণী | 4 |
| 01 | অনুবর্তী থাকাটা আপনারই দায়িত্ব | 6 |
| 02 | দুর্নীতি ও ঘুষ আদান-প্রদান প্রতিরোধ করুন | 8 |
| 2.1 | ব্যবসায়িক অংশীদারদের প্রতি করণীয় আচরণ | 10 |
| 2.2 | সরকারী কর্মকর্তাদের প্রতি করণীয় আচরণ | 13 |
| 2.3 | এজেন্ট ও পরামর্শকদের সাথে সম্পৃক্ত হওয়া | 14 |
| 2.4 | অনুদান প্রদান ও পৃষ্ঠপোষক হওয়া সংক্রান্ত নিয়মাবলী | 15 |
| 03 | ন্যায্য শর্তাবলীর ভিত্তিতে প্রতিযোগিতা করুন | 16 |
| 04 | স্বার্থের সংঘাত এড়িয়ে চলুন | 17 |
| 05 | স্বাধীন পর্যালোচনা নিশ্চিত করুন | 18 |
| 06 | যথাযথ ও স্বচ্ছ আর্থিক নথিপত্র সংরক্ষণ করুন | 19 |
| 07 | কোম্পানির সম্পদ সতর্কতার সাথে কাজে লাগান | 20 |
| 7.1 | সম্পদের সুরক্ষা | 20 |
| 7.2 | গোপনীয় তথ্যের সুরক্ষা | 21 |
| 08 | কোন আভ্যন্তরীণ লেনদেন নয় | 22 |
| 09 | বহুমাত্রিকতা ও ন্যায্য শ্রম | 23 |
| 10 | Exyte-এর Code of Conduct বাস্তবায়ন করুন | 24 |
| | আপনার কন্টাক্টসমূহ | 27 |

# নির্বাহী ❯❯ পরিষদের বাণী

**প্রিয় সহকর্মীবৃন্দ,**

ব্যবসার সকল ক্ষেত্রে সর্বোচ্চ নৈতিকতা, ন্যায়পরায়ণতা ও আইনি মানদণ্ড অনুসরণ করে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনা করাই আমাদের কর্পোরেট নীতি। অর্থাৎ, আমাদের জন্য সকল প্রযোজ্য আইন ও নিয়ম-কানুন মেনে চলাটাই সর্বপ্রধান বিষয় - যদি এমনকি তার ফলে কোনো গুরুত্বপূর্ণ প্রকল্প বা ব্যবসায়িক লক্ষ্যবস্তুও আমাদের হারাতে হয়।

তবে Exyte-এ অনুবর্তিতার বিস্তৃতি এতোটুকুতেই সীমাবদ্ধ নয়। আমরা ব্যবসায়িক অংশীদার ও সহকর্মীদের সাথে সততা ও শ্রদ্ধা বজায় রেখে আমাদের কর্মকাণ্ড পরিচালনা করি। Exyte-এ আমরা স্পষ্ট ভাবেই সততা ও ন্যায়সঙ্গত লেনদেনের জলাঞ্জলি দিয়ে আয় ও মুনাফা বৃদ্ধি করতে আগ্রহী নই। আমরা, Exyte -এর নির্বাহী পর্ষদের সদস্যগণ, আমাদের নিজেদের আচরণে সর্বোচ্চ মানদণ্ডগুলোই ধরে রাখি এবং Exyte-এর প্রত্যেক কর্মীর কাছ হতে ঠিক অনুরূপ প্রত্যাশা করে থাকি।

বিশ্বায়ন ও ক্রমশঃ জটিল হতে থাকা নিয়ন্ত্রক পরিবেশে অনুবর্তী থাকাটা যে আরো দুরূহ হয়ে উঠছে, সে সম্পর্কে আমরা সচেতন রয়েছি। এই সকল চ্যালেঞ্জের জন্য আপনাদেরকে সম্পূর্ণরূপে প্রস্তুত করার লক্ষ্যে এই Code of Conduct আপনাদেরকে প্রতিদিনের কাজকর্মের জন্য বাস্তবসম্মত নির্দেশনা প্রদান করবে।

Exyte-এর Code of Conduct শুধু কেবল মাত্র একটি নীতিমালা নয়। এটি আমাদের সকল ব্যবসায়িক Code of Conduct-এর ভিত্তি ও কষ্টিপাথর। সব সময় মনে রাখবেন যে, নিয়ম লংঘনের একটি মাত্র ঘটনার ফলাফল মারাত্মক হতে পারে এবং বাজারে Exyte Group-এর যে সুনাম তৈরী হয়েছে, তার ক্ষতি করতে পারে। আমাদের কোম্পানির সবচেয়ে মূল্যবান সম্পদ হচ্ছে ক্রেতা, সরবরাহকারী এবং অন্যান্য অংশীজন কর্তৃক আমাদের উপরে অর্পিত বিশ্বাস। কোম্পানিতে আমরা সকলে যে যেই পদেই থাকি না কেন, এই সম্পদ রক্ষা করার দায়িত্ব আমাদের সকলেরই।

পরিষদে থাকা আমার সহকর্মীগণ ও আমি আশা করছি যে, আপনারা Exyte-এর Code of Conduct অনুধাবন করতে পারবেন এবং তা ব্যবহারিক ক্ষেত্রে অনুসরণ করবেন। সেজন্য আপনাদেরকে প্রয়োজন অনুসারে নিজের মতামত জানানো ও পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করা যাচ্ছে। কোন অসদাচরণের ঘটনা দেখলে বা তেমন কিছু সন্দেহ হলে, দয়া করে Exyte Compliance Team-এর সাথে যোগাযোগ করুন।



Stuttgart, 18.05.2022
Dr. Wolfgang Büchele
নি াহী প দের পদে

## Executive Board



Dr. Wolfgang Büchele
Chief Executive Officer



Peter Schönhofer
Chief Financial Officer

# 01 | অনুবর্তী থাকাটা আপনারই দায়িত্ব

**Exyte-এর Code of Conduct এ Exyte Group-এর আইনী অনুবর্তিতা এবং নৈতিক আচরণের মানদণ্ডগুলোর সংজ্ঞায়ন করা হয়েছে এবং সেগুলো সংক্ষিপ্তাকারে বর্ণনা করা হয়েছে।**

এটি Exyte-এর অভ্যন্তরে আমাদের মিথষ্ক্রিয়া ও কাজের ধরন এবং ক্রেতা, সরবরাহকারী ও পরামর্শকদের মত তৃতীয় পক্ষের সাথে তৈরী হওয়া সম্পর্কের ভিত্তি নির্ধারণ করে দেয়। Exyte-এর Code of Conduct Exyte-এর সকল আইনী সত্তা, দপ্তর ও সাইটগুলোর জন্য প্রযোজ্য এবং তা সকল কর্মচারী, পরিচালক ও কর্মকর্তাদের জন্য মেনে চলাটা সরাসরি বাধ্যতামূলক। Exyte তার পাশাপাশি আমাদের মানদণ্ডগুলোর সাথে খাপ খাইয়ে নিতে সাবকন্ট্রাক্টরদের প্রভাবিত করবে ও উৎসাহিত করবে।

Exyte-এর সকল কর্মীদের অবশ্যই Exyte-এর Code of Conduct বুঝে নিতে হবে এবং তা মেনে চলতে হবে এবং প্রাত্যহিক ব্যবসায়িক কর্মকাণ্ডে তার প্রয়োগ ঘটাতে হবে। কোন আইন বা Exyte-এর Code of Conduct এর কোন অংশের অর্থ অনুধাবন করতে না পারলে আপনি Exyte Compliance Team-এর সাথে যোগাযোগ করবেন বলে আশা করা যাচ্ছে (ethics@exyte.net)।

যদি আপনি অসদাচরণের কোন ঘটনা প্রত্যক্ষ করেন অথবা কোন কিছু সঠিক নয় বা অসঙ্গত বলে ধারণা করে থাকেন, তাহলে দয়া করে ethics@exyte.net ঠিকানাতে Exyte Compliance Team-এর সাথে যোগাযোগ করুন। সরল বিশ্বাসে করা এই সকল প্রতিবেদনের ক্ষেত্রে সর্বোচ্চ গোপনীয়তা অবলম্বন করা হয়ে থাকে। সংবাদদাতা ব্যক্তিদের উপর প্রতিশোধমূলক পীড়ন, নিপীড়ন বা অন্য কোন ধরনের বিরূপ আচরণ সহ্য করা হবে না। যদি আপনি নাম গোপন রেখে প্রতিবেদন করার ইচ্ছে রাখেন, তাহলে তার জন্য Exyte Group-এর নৈতিকতা সম্পর্কিত লাইনটি ব্যবহার করুন, যা তৃতীয় পক্ষের একটি পরিষেবা প্রদানকারী কর্তৃক স্বাধীনভাবে পরিচালিত হয়ে থাকে (দয়া করে Exyte-এর ওয়েবসাইটে বা ইন্ট্রানেটে থাকা 'অনুবর্তিতা' অংশ হতে আরো তথ্যাবলী জেনে নিন)।

কোন আইন বা Exyte-এর Code of Conduct-এর ক্ষেত্রে Exyte কোন ধরনের ব্যত্যয় সহ্য করবে না এবং আমাদের Code of Conduct-এর জোরদার প্রয়োগ ঘটানোর লক্ষ্যে Exyte-এর যথোপযুক্ত মনে হওয়া যে কোন পদক্ষেপ গ্রহণ করবে (যার মধ্যে রয়েছে দেওয়ানি মামলা, ফোজদারি মামলা ও শৃঙ্খলা রক্ষার্থে গৃহিত পদক্ষেপ)।

Exyte-এর Code of Conduct
মেনে চলাটাই >> **সঠিক সিদ্ধান্ত। সর্বত্র। সকলের জন্যে।**



Speak Up! ethics@exyte.net

It's the right way.

# 02 | দুর্নীতি ও ঘুষ আদান-প্রদান প্রতিরোধ করুন

**Exyte দুর্নীতি ও ঘুষের বিরুদ্ধে দৃঢ় অবস্থানে রয়েছে এবং আমাদের ব্যবসায়িক অংশীদারদের কাছেও আমরা অনুরূপ প্রত্যাশা করি। আমরা ঘুষ দেই না - কাউকে না - কোথাও না।**

Exyte এর কোনো কর্মী বা Exyte এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো ব্যবসায়িক অংশীদারের কর্মচারী, কর্মকর্তা বা এজেন্ট, অথবা কোনো সরকারী কর্মকর্তাকে মূল্য রয়েছে এমন কিছু অফার করতে পারবে না, প্রদান বা প্রদানের প্রতিশ্রুতি দিতে পারবে না, পাওয়ার জন্য অনুরোধ করতে পারবে না, এবং তার কাছ থেকে অন্যায়ভাবে গ্রহণ করতে পারবে না।

সুবিধা প্রদান বা গ্রহণ যেন যথাযথ হয় এবং প্রযোজ্য আইন ও Exyte এর নীতিমালার সাথে সংগতিপূর্ণ হয় এটি নিশ্চিত করা আমাদের সবার দায়িত্ব। কোন কিছু নিয়ে সন্দেহ থাকলে Exyte Compliance Team-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

**Exyte এ ঘুষ নিষিদ্ধ।**

» আমরা ঘুষ দেই না এবং
আমরা ঘুষ দেয়া সহ্য করি না। .

যদি আইনকে পাশ কাটিয়ে যাওয়া ছাড়া আমাদের পক্ষে ব্যবসা করা সম্ভব না হয়, তাহলে আমাদের ব্যবসার মডেলে ত্রুটি রয়েছে।

**CEO Dr. W. Büchele**



## 2.1 ব্যবসায়িক অংশীদারদের প্রতি করণীয় আচরণ

ব্যবসায়িক অংশীদারদের সাথে করা বন্ধুত্বপূর্ণ আচরণ এবং অপরাধমূলক কার্যক্রমের মধ্যেকার ব্যবধানটা খুবই হালকা এবং মাঝে মধ্যেই এই দুটোর মধ্যে পার্থক্য খুঁজে বের করাটা কঠিন হয়ে দাঁড়ায়। ক্রিসমাস উপলক্ষে এক বোতল ওয়াইন প্রদান বা খেলা দেখবার জন্য আমন্ত্রণ করাটা ব্যবসায়িক অংশীদারদের সাথে ভালো সম্পর্ক তৈরীর ক্ষেত্রে বন্ধুত্বপূর্ণ আচরণ হবে। তবে উপহার ও আমন্ত্রণগুলোকে একই সাথে অংশীদারদের উপর প্রভাব বিস্তারের প্রচেষ্টা বলে ধরে নেয়া যেতে পারে, বিশেষত যদি তা ব্যবসায়িক কোন সিদ্ধান্তের প্রেক্ষিতে করা হয়ে থাকে। কর্মী ও কোম্পানীর সুরক্ষার্থে আমরা উপহার ও আতিথেয়তার ক্ষেত্রে সতর্ক কিন্তু যুক্তিসঙ্গত পন্থার প্রয়োগ ঘটিয়ে থাকি। কিন্তু তারপরও Exyte-এ নগদ অর্থ উপহার স্বরূপ গ্রহণ বা প্রদান করাটা কঠোরভাবে নিষিদ্ধ।

### উপহার, আতিথেয়তা ও অন্যান্য সুবিধাদি প্রদানের প্রস্তাব

এটি সকলেরই জানা রয়েছে যে,সরকারী কর্মকর্তাদের নানা সুবিধা প্রদানের প্রস্তাব করাটা অন্যায়। অধিকাংশ আইন অনুসারেই যে ব্যবসায়িক অংশীদারদের ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে, তা অনেকের নাও জানা থাকতে পারে। অধিকন্তু, কোনো দেশে হয়তো উপহার দেয়া গ্রহণযোগ্য, আবার কোনো দেশে হয়তো সেটি ঘুষ হিসেবে গণ্য করা হয়। এই অনিশ্চয়তার কথা বিবেচনা করে, সাধারণত আমরা উপহার প্রদান করা অথবা ব্যবসায়িক অংশীদারদের আমন্ত্রণ জানানোর ক্ষেত্রে নিজেদের সংযত রাখি। ব্যতিক্রমে ক্ষেত্রে, নির্দিষ্ট অবস্থার পরিপ্রেক্ষিতে যুক্তিসংগত মূল্যের উপহার প্রদান, আমন্ত্রণ জানানো অথবা অন্যান্য সুবিধাদি প্রদানের অনুমতি রয়েছে।

আপনার দৈনন্দিন ব্যবসা পরিচালনায় নির্ভরযোগ্য নির্দেশনা হিসেবে, Exyte এর ঘুষ ও দুর্নীতি বিরোধী নীতিতে উপহার প্রদানের সীমা নির্ধারণ করে দেয়া হয়েছে এবং আমন্ত্রণ জানানোর একটি কাঠামো প্রদান করা হয়েছে।

উক্ত সীমার চেয়ে কম মূল্যের উপহারসমূহ সৌজন্যতার নিদর্শন হিসেবে প্রদানের অনুমতি রয়েছে, যদি সেগুলো কোনোভাবেই প্রাপকের উপর অনৈতিক প্রভাব খাটানোর উদ্দেশ্যে দেয়া হয়েছে বলে মনে করা না যায়। যেকোনো সন্দেহের ক্ষেত্রে, আপনি Exyte Compliance Team এর সাথে পরামর্শ করতে পারেন।
কর্পোরেট আতিথেয়তার ক্ষেত্রে কোন মাত্রা নির্ধারণ করা নেই। Exyte Compliance Team-এর পূর্ব-অনুমতি গ্রহণ সাপেক্ষে আপনি শালীন এবং ধরন, সংঘটনের মাত্রা ও ব্যয়ের দিক থেকে উপযুক্ত ধরনের অনুষ্ঠানে ব্যবসায়িক অংশীদারদের আমন্ত্রণ জানাতে পারেন। যে সকল ব্যবসায়িক ভোজ উপরে উল্লেখিত শর্তগুলো পূর্ণ করবে, সেগুলোর জন্য পূর্ব-অনুমতি গ্রহণের প্রয়োজন হবে না।

দয়া করে সাথে এটাও মনে রাখবেন যে, আপনার ব্যবসায়িক অংশীদারদের উপর আরো কঠিনতর নিয়ম প্রযোজ্য হয়ে থাকতে পারে। সেজন্যেই যে কোন ধরনের উপহার বা আমন্ত্রণ প্রদানের পূর্বে সব সময়ই উচিত হবে তাদের আচরণবিধি দেখে নেয়া।



আমরা **আমাদের** পরিষেবা ও পণ্যসমূহের **মানের** শ্রেষ্ঠত্বের **>> মধ্য দিয়ে** আমাদের ক্রেতাদের **বিশ্বাস অর্জন** করে **থাকি।** তার বাইরে আর কোন কিছু প্রদান করার প্রয়োজন আমাদের নেই।

উপহার, আতিথেয়তা ও অন্যান্য সুবিধা গ্রহণ

Exyte-এ ব্যবসায়িক অংশীদারদের শুধু মাত্র মান, কার্য দক্ষতা বা মূল্যের মত উদ্দেশ্যগত পূর্বশর্তের আলোকে নির্বাচন করা হয়ে থাকে। আমাদের ব্যবসায়িক সিদ্ধান্তগুলোকে প্রভাবিত করা যেতে পারে, এমন ধরনের ঝুঁকি বা ধারণা এড়ানোর জন্য আমরা নীতিগতভাবেই কোন উপহার গ্রহণ করি না। Exyte-এর কর্মীদের জন্য বর্তমান বা সম্ভাব্য ব্যবসায়িক সহযোগীদের কাছে কোনো ধরনের সুবিধা প্রাপ্তির অনুরোধ করা বা দাবী করা বা এমনকি সেজন্য আগ্রহ প্রদর্শন করাটাও কঠোর ভাবে নিষিদ্ধ।

আপনি চাইলে কমদামী উপহার নিতে পারেন; কেননা সেটা আমাদের ব্যবসায়িক সিদ্ধান্তগুলোকে প্রভাবিত করতে পারে, এমনটা কেউ ভাবতে যাবে না। উচ্চ মূল্যের উপহার গ্রহণ করা যাবে না বা তা গ্রহণ করলেও ফিরিয়ে দিতে হবে, যদি তার মূল্য Exyte Anti-Bribery and Corruption Policy-এ উল্লেখ থাকা নির্ধারিত পরিমাণকে ছাড়িয়ে যায়। যদি ব্যবসায়িক বা সাংস্কৃতিক কারণে সেটা করাটা কঠিন হয়ে পড়ে, Exyte Compliance Team ব্যবসায়িক সম্পর্কে ধরে রাখার জন্য সঠিক পদ্ধতি খুঁজে বের করতে আপনাকে সহায়তা করবে।

ভোজ এবং অন্যান্য অনুষ্ঠানগুলোর আমন্ত্রণ তখনই গ্রহণ করা যাবে যদি কি না তা সরাসরি আমাদের ব্যবসার সাথে সম্পর্কযুক্ত থাকে এবং যদি উক্ত ভোজ বা অনুষ্ঠান ভদ্রোচিত হয় এবং সেটার ধরন, সংঘটনের মাত্রা ও ব্যয় বিবেচনায় তা শালীন ও যুক্তিসংগত হয়। তবুও এই ধরনের ভোজ আয়োজন বা অনুষ্ঠানের ক্ষেত্রে তাতে যোগদান করার জন্য প্রয়োজনীয় ভ্রমণ ব্যয় বা আবাস ব্যয় সব সময় Exyte-কেই বহন করতে হবে। কেবলমাত্র Exyte Compliance Team-এর পূর্ব অনুমতি সাপেক্ষেই উক্ত অনুষ্ঠানগুলোতে যোগদানের আমন্ত্রণ গ্রহণ করা যেতে পারে। যে সকল ব্যবসায়িক ভোজ উপরে উল্লেখিত শর্তগুলো পূর্ণ করবে, সেগুলোর জন্য পূর্ব-অনুমতি গ্রহণের প্রয়োজন হবে না।

আমরা উপহার গ্রহণ করি না
ব্যবসায়িক অংশীদারদের কাছ থেকে,
» **যাতে করে আমাদের**
**ব্যবসায়িক সিদ্ধান্তকে প্রভাবিত করা যায়,**
**এমনটি কারো মনে না হয়।**

## 2.2 সরকারী কর্মকর্তাদের প্রতি করণীয় আচরণ



সরকারী কর্মকর্তাদের সাথে সম্পর্ক রক্ষার করার বিষয়টিতে ঘুষ আদান-প্রদান ও দুর্নীতি বিরোধী আইনগুলোর লংঘন হওয়ার ঝুঁকি বেশি থাকে। তাই অসমীচীন প্রভাবের ঝুঁকি বা উপলব্ধি এড়ানোর জন্যে সরকারী কর্মকর্তাদের কোন কিছু প্রদান করা বা প্রদান করার প্রস্তাবটা করাটা কঠোরভাবে নিষিদ্ধ।

পৃথিবীর অনেক দেশেই সরকারী চাকুরীজীবীদের যে শুধু মাত্র সরকারী কর্মকর্তা হিসেবেই বিবেচনা করা হয়, এমনটি নয়; বরং তাদেরকে একই সাথে সরকারী প্রতিষ্ঠান, উন্মুক্ত কার্যক্রম সম্পন্ন (যেমন, বিদ্যুৎ সরবরাহকারী) অথবা উন্মুক্ত আন্তর্জাতিক প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মী সম্পন্ন ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের নির্বাহী হিসেবেও গণ্য করা হয়ে থাকে। সরকারী কর্মকর্তা হলেও হতে পারেন, এমন ব্যক্তিদের কিছু প্রদান করার কথা বিবেচনা করার পূর্বে সব সময়ই আপনার Exyte Compliance Team-এর কোন সদস্যের সাথে কথা বলে নেয়া উচিত হবে।

সরকারী **কর্মকর্তা এবং অনুরূপ পদাধিকারী** ব্যক্তিদের সাথে সম্পর্ক রক্ষার সময়

» **সবসময়ই**
**Exyte Compliance Team**
এর সাথে পরামর্শ করে নিবেন।

## 2.3 এজেন্ট ও পরামর্শকদের সাথে সংযুক্ত থাকা

পরামর্শদাতা বা এজেন্টদের দ্বারা গৃহীত ঘুষ প্রতিরোধের জন্য এক্সাইট পরামর্শদাতা নীতি, ক্লায়েন্ট প্রকল্প বা ব্যবসা জয়ের জন্য নিযুক্ত পরামর্শদাতাদের উপর একটি সাধারণ নিষেধাজ্ঞা আরোপ করেছে। তাছাড়াও, এটি অন্য যেকোনো পরামর্শ পরিষেবাদির স্বচ্ছতা  সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য একটি শক্তিশালী কাঠামো সরবরাহ করে।

ব্যবসা অর্জন করতে বা নতুন বাজারে প্রবেশ করতে মধ্যস্থতাকারীর ব্যবহার বিশেষত আপত্তিজনকভাবে দুর্বল প্রমাণিত হয়েছে। এই জাতীয় পরামর্শ পরিষেবার কার্যকারিতা সাধারণত পরিমাপ করা কঠিন এবং মার্জিনগুলি সাধারণত স্বচ্ছ হয় না, যা তহবিল খোলার ক্ষেত্রে ঘুষের জন্য অপব্যবহার করা হতে পারে। এই কারণে, ক্লায়েন্ট প্রকল্প জয়ের বা ব্যবসায়ের বিকাশ করার জন্য এক্সাইটে পরামর্শক নিয়োগ নিষিদ্ধ করা হয়েছে। প্রকল্পের আকার, পারিশ্রমিক প্রকল্প বা অন্য কোনও পরিস্থিতিতে নির্বিশেষে এই সাধারণ নিষেধাজ্ঞাগুলি প্রযোজ্য।

একটি সাধারণ নীতি হিসাবে, পরামর্শদাতাদের ব্যবহার সীমিত করা আমাদের লক্ষ্য। আমরা কেবল ব্যতিক্রমী ক্ষেত্রেই পরামর্শদাতাদের নিয়োগ করে থাকি এবং সর্বদা এক্সাইট পরামর্শক নীতিমালার সাথে কঠোরভাবে মেনে চলি।

আমরা » **আমাদের এজেন্ট বা পরামর্শদাতাদের এমন কিছু করতে জড়িত করি না,** যা **আমাদের নিজেদেরই** করার অনুমতি নেই।

## 2.4 অনুদান প্রদান ও স্পন্সর করা সংক্রান্ত নিয়মাবলী

উত্তম কর্পোরেট নাগরিক হিসেবে আমাদের সমাজের দাতব্য ও অলাভজনক প্রতিষ্ঠান এবং উদ্যোগগুলোর প্রতি Exyte-এর সমর্থন রয়েছে। এই ধরনের প্রতিষ্ঠানে প্রদেয় সকল অনুদান অবশ্যই Exyte-এর প্রযোজ্য নীতিমালা অনুসারে অনুমোদন প্রাপ্ত হতে হবে।

অনুদানের উদ্দেশ্য মহৎ হলেও সেটি ঘুষ হিসেবে বিবেচিত হতে পারে। গ্রহীতাদের উপর অযথাযথ প্রভাবের ঝুঁকি বা সেরূপ ধারণা হওয়ার সম্ভাবনা হ্রাস করার জন্য অনুদান প্রদান এবং স্পন্সর হওয়ার বিষয়টির সাথে আমাদের ব্যবসার সম্পৃক্ততা রাখাটা সম্ভব নাও হতে পারে।

আমরা >> **দাতব্য** কাজ **এবং ব্যবসাকে একত্রে মিশতে দিই না।**



# 03 | ন্যায্য শর্তাবলীর ভিত্তিতে প্রতিযোগিতা করুন

**Exyte-এ আমরা ন্যায্য, আইন সঙ্গত ও উন্মুক্ত প্রতিযোগিতায় বিশ্বাস করি। Exyte-এর সাফল্য নির্ভর করে আমাদের কর্মী, পরিষেবা ও পণ্যের মানের শ্রেষ্ঠত্ব এবং আমাদের ক্রেতাদের মনোযোগের কেন্দ্রবিন্দুর উপর। আমরা সব সময়ই প্রতিযোগিতা সংশ্লিষ্ট আইনগুলো মেনে চলবো এবং কখনোই প্রতিদ্বন্দীদের সাথে যোগসাজশ করে বা তাদের সাথে একত্রে মিলে আমাদের ক্রেতাদের বিশ্বাসকে ঝুঁকির মুখে ফেলবো না।**

আমরা কখনোই দর বা অন্যান্য ব্যবসায়িক শর্ত ও কৌশল নিয়ে তৃতীয় কোন পক্ষের সাথে প্রতিযোগিতা বিরোধী কোন ধরনের চুক্তিতে আসি না, যেমন, প্রতিদ্বন্দীদের সাথে যোগসাজশ করে দর স্থির রেখে টেন্ডারের ক্ষেত্রে আমাদের করণীয় কাজকে সে অনুসারে সমন্বয় করা। এটি কেবল মাত্র আনুষ্ঠানিক চুক্তি নয়, বরং প্রতিযোগিতাকে সীমাবদ্ধ করে ফেলতে পারে এমন ধরনের সকল অনানুষ্ঠানিক ব্যবস্থার ক্ষেত্রেও প্রযোজ্য। দয়া করে মনে রাখবেন যে, প্রতিদ্বন্দীদের সাথে এমনকি ব্যবসা সংশ্লিষ্ট ডাটা আদান-প্রদান করাটাও নিষিদ্ধ এবং এমনকি প্রতিযোগিতা বিরোধী কোন উদ্দেশ্য নিয়ে রশিদ গ্রহণ বা প্রদান বা তথ্য প্রকাশ করা হলে, সেটাতেও প্রতিযোগিতা সম্পর্কিত আইনগুলোর লংঘন হতে পারে, যদিও প্রতিযোগিতা বিরোধী কোন ইচ্ছা না থাকে।

আমরা আমাদের প্রতিদ্বন্দীদের কাছ হতেও অনুরূপ আচরণই প্রত্যাশা করে থাকি। যদি কখনো আপনাকে ব্যবসার সাথে সংশ্লিষ্ট ডাটা নিয়ে আলোচনা করার অথবা আমাদের ব্যবসায়িক সহযোগীদের উপর দর বা শর্তের ক্ষেত্রে প্রভাব ফেলতে পারে, এমন ধরনের কোন কাজ করার জন্য আমাদের প্রতিদ্বন্দীদের কেউ প্রস্তাব দেয়; তাহলে আপনার অবশ্যই এই ধরনের আলোচনা বা কাজে যুক্ত হওয়ার প্রস্তাবটি প্রত্যাখ্যান করতে হবে এবং Exyte Compliance Team-এর সদস্যদের একজনকে এই ঘটনাটি সম্পর্কে যত দ্রুত সম্ভব জানাতে হবে।

আমরা আমাদের ব্যবসায়িক শর্তাবলী ও কৌশলগুলো
» **আমাদের প্রতিদ্বন্দীদের প্রভাব মুক্ত থেকে নির্ধারণ করি।**

# 04 | স্বার্থের সংঘাত এড়িয়ে যান

আমাদের ব্যবসায়িক সিদ্ধান্তগুলো বিশেষ ভাবে লক্ষ্যবস্তুগত চাহিদার উপর নির্ভর করে নেয়া হয়ে থাকে এবং তাতে ব্যক্তিগত স্বার্থের প্রভাব পড়তে দেয়া যাবে না। যে সকল কর্মীগণ কোম্পানির স্বার্থের চেয়ে নিজেদের স্বার্থকেই বড় করে দেখেন, কোম্পানি তাদের মাধ্যমে ক্ষতির সম্মুখীন হতে পারে।

উদাহরণস্বরূপ, স্বার্থের সংঘাতের সৃষ্টি হতে পারে যদি সরবরাহকারীর সাথে আপনার বা আপনার আত্মীয়ের অর্থনৈতিক স্বার্থ জড়িত থাকা অবস্থায় আপনি Exyte-এর পক্ষ হতে পণ্য বা পরিষেবা গ্রহণ করেন। সারি ব্যবস্থাপক এবং তার অধস্তন কর্মীদের মধ্যে পারিবারিক সম্পর্ক বা অনুরূপ ধরনের ব্যক্তিগত ঘনিষ্ঠ সম্পর্ক কর্মীদের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের বিষয়টিতে পক্ষপাতের কারণ হতে পারে এবং সে কারণেই তা এড়িয়ে চলতে হবে। কর্মীর দায়িত্ব পালনের ক্ষেত্রে তার অন্য কোন চাকরীর কারণে সংঘাতের সৃষ্টি হতে পারবে না এবং আমাদের আভ্যন্তরীণ নিয়ম ও কর্মপ্রক্রিয়া অনুসারে কেবল মাত্র দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপকের পূর্ব-অনুমোদন প্রাপ্তি সাপেক্ষেই সেটার জন্য অনুমতি দেয়া হবে।

স্বার্থের সংঘাতের সৃষ্টি হওয়াটা এড়িয়ে চলার লক্ষ্যে কর্মীদের অবশ্যই সম্ভাব্য বা চলমান স্বার্থের সংঘাতের বিষয়ে তাদের ব্যবস্থাপক বা তাদের HR Business Partner-দেরকে জানাতে হবে। স্বার্থের সংঘাত হলে, তেমন পরিস্থিতিতে অন্যদেরকে সংশ্লিষ্ট সিদ্ধান্তগুলো নিতে দিতে হবে।

আমরা
স্বার্থের সংঘাত প্রতিরোধ করি
» **স্বচ্ছ ও উন্মুক্ত যোগাযোগের মাধ্যমে।**

# 05 | স্বাধীন পর্যালোচনা নিশ্চিত করুন – চতুর্নয়ন নীতি

সকল ব্যবসায়িক লেনদেন ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের ক্ষেত্রে চতুর্নয়ন নীতি মেনে চলা উচিত। চতুর্নয়ন নীতির মাধ্যমে উক্ত লেনদেনের সাথে জড়িত দুই জন অনুমোদিত ব্যক্তির স্বাধীন পর্যালোচনা ও নিয়ন্ত্রণকে বুঝানো হচ্ছে। চতুর্নয়ন নীতি অনুসরণের ফলে বহিঃস্থ কারো সাথে লিখিত চিঠি আদান-প্রদানের ক্ষেত্রে সাধারণত Exyte-এর আভ্যন্তরীণ নিয়মাবলী অনুসারে 2 জন অনুমোদিত স্বাক্ষর প্রদানকারীর স্বাক্ষরের প্রয়োজন হয়ে থাকে। কিছু ব্যতিক্রমী ক্ষেত্রে অনুমোদিত স্বাক্ষর প্রদানকারীদের মধ্যে দ্বিতীয় জন মৌখিক সম্মতি প্রদান করে থাকলে তার স্বাক্ষর গ্রহণ না করলেও চলে। এই ধরনের সম্মতি লিখিত ভাবে প্রদান করতে হবে। একক স্বাক্ষর প্রদানকারীর ব্যক্তিরই এই প্রক্রিয়ায় অনুবর্তিতা বজায় রাখার সম্পূর্ণ দায়িত্ব নিতে হবে।



**চতুর্নয়ন** নীতি প্রযোজ্য হবে

» **সকল ব্যবসায়িক লেনদেনের ক্ষেত্রে।**

# 06 | যথাযথ ও স্বচ্ছ আর্থিক নথিপত্র সংরক্ষণ করা

যথাযথ হিসাব রক্ষণ ও অর্থনৈতিক প্রতিবেদন প্রদান আমাদের কোম্পানির জন্য সাফল্যের পূর্ব-শর্ত এবং অংশীজন ও ব্যবসায়িক সহযোগীদের বিশ্বাস গড়ে তোলা ও তা ধরে রাখার ভিত্তি। তা ছাড়াও অযথার্থ বা ভুয়া কাগজপত্র বা নথিপত্র সংরক্ষণ করাটা বেআইনীও বটে। এ সকল ক্ষেত্রে ঘটা যে কোন অসঙ্গতি কোম্পানির পাশাপাশি উক্ত অসঙ্গতির জন্য দায়ী কর্মীর জন্য মারাত্মক ফলাফল ডেকে আনতে পারে।

আমাদের বাহ্যিক অর্থনৈতিক প্রতিবেদনের জন্য যথাযথতা ও স্বচ্ছতা সর্বাধিক গুরুত্বপূর্ণ। আমরা যথা সময়ে এবং হিসাবরক্ষণের জাতীয় ও আন্তর্জাতিক নিয়মাবলী অনুসরণ করে আমাদের পর্যাবৃত্ত আর্থিক বিবরণী প্রকাশ করে থাকি।

বাহ্যিক আর্থিক বিবরণী ও প্রতিবেদন প্রদানে আমাদের যে দায়বদ্ধতা রয়েছে, শুধু মাত্র তার তাগিদেই যে যথাযথ ও স্বচ্ছ আর্থিক নথিপত্র সংরক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে এমনটি নয়; বরং একজাইটের অর্থনৈতিক লেনদেনের ভিত গড়ে দেয়, এমন সকল আভ্যন্তরীণ অর্থনৈতিক ডাটার ক্ষেত্রেও তার প্রয়োজন রয়েছে। সে কারণেই যে কোন প্রকল্প দলের সকল সদস্যেরই ব্যবসায়িক ডাটা ও প্রকল্পের উপাত্তের যথার্থতা ও বাস্তব উপযোগিতা নিশ্চিত করার দায়িত্ব রয়েছে।

আমরা দায়িত্ব নিই

» **আমাদের অর্থনৈতিক লেনদেনের ক্ষেত্রে সততা বজায় রাখার।**

# 07 | সতর্কতার সাথে কোম্পানির সম্পদের কাজে লাগাবেন

## 7.1 সম্পদের সুরক্ষা

Exyte আপনাকে আপনার কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল সরঞ্জাম ও উপকরণ প্রদান করবে। Exyte-এর বস্তুগত সম্পদ, মেধা সম্পদ এবং তথ্য লোকসান, ক্ষতি, সুনাম ধ্বংসের লক্ষ্যে ব্যবহার হওয়া এবং অপব্যবহারের হাত হতে রক্ষার করার দায়িত্বটি আপনারই।

কোম্পানি ও তার সকল কর্মীদের ব্যক্তিগত তথ্যের মত সম্পদের দিকে বিশেষ অভিনিবেশ প্রদান করতে হবে এবং তা বিশেষভাবে সুরক্ষিত রাখতে হবে। ব্যক্তিগত তথ্যের যথাযথ সুরক্ষা নিশ্চিতকল্পে Exyte প্রযুক্তিগত ও প্রতিষ্ঠানগত পদক্ষেপ গ্রহণ করেছে এবং Exyte Group-এর সকল সদস্য এই সকল ব্যবস্থা কাজে লাগাবেন বলে আশা করা যাচ্ছে।

যদি আমাদের আভ্যন্তরীণ নিয়মাবলী বা অনুমোদিত কর্মকর্তার কাছ হতে সুস্পষ্ট অনুমতি পাওয়া যায় তবেই কেবল আপনি ব্যক্তিগত উদ্দেশ্যে কোম্পানির সম্পদ ব্যবহার করতে পারবেন। ব্যবসায়িক অংশীদারদের সম্পত্তি ও সম্পদও একই ভাবে ও একই ধরনের সাবধানতার সাথে ব্যবহার করতে হবে।

আমরা **>> শুধু ব্যবসায়িক উদ্দেশ্যেই কোম্পানির** সম্পদ ব্যবহার করি এবং **তা সতর্কতার** সাথে **করে থাকি**।

## 7.2 গোপনীয় তথ্যের সুরক্ষা

জ্ঞান ও কীভাবে কী করতে হবে, তা জানাটাই একজাইটের সাফল্যের মূল চাবিকাঠি। বলাই বাহুল্য যে, একজাইটের ব্যবসায়িক গুপ্ত তথ্য এবং অন্যান্য গোপনীয় তথ্যগুলোকে সুরক্ষিত রাখাটা আমাদের কোম্পানির ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকল্প চলা কালীন সময়ে বা কার্যাদেশ প্রদানের পূর্বে প্রদান করা আমাদের ব্যবসায়িক সহযোগীদের ডাটার বিষয়েও একই ধরনের সতর্কতা ও অভিনিবেশ বজায় রাখতে হবে। সকল গোপনীয় তথ্য দায়িত্বশীল থেকে সামলাতে হবে, তা সে Exyte-এরই হোক বা আমাদের ব্যবসায়িক অংশীদারদের। গোপনীয় তথ্যগুলো চিহ্নিত করুন, নিরাপদে রাখুন এবং সেটার অভিগম্যতা কেবল মাত্র যাদের তা জানা প্রয়োজন, তাদের মধ্যেই সীমিত রাখুন। কর্মজীবনের কোন পর্যায়ে জানতে পারা গোপনীয় তথ্যই আপনার কর্মজীবনে বা তৎপরবর্তী সময়ে সকলের কাছে উন্মুক্ত করে না দেয়া অবধি আপনি প্রকাশ করতে পারবেন না।




আমরা যথাযথ পদক্ষেপ নিয়ে থাকি যাতে করে
**» Exyte ও আমাদের ব্যবসায়িক অংশীদারদের গোপনীয় তথ্য সুরক্ষিত রাখা যায়।**

# 04 | কোন আভ্যন্তরীণ লেনদেন নয়

তালিকাভুক্ত কোম্পানি সম্পর্কিত গোপনীয় তথ্যে অভিগম্যতা প্রাপ্ত এমন ব্যক্তি (যেমন, ক্রেতা, সাবকন্ট্রাক্টর বা এমনকি Exyte স্বয়ং নিজে) – যার মাধ্যমে তথ্যগুলো প্রকাশিত হয়ে গেলে – এই উন্মুক্ত লেনদেন করা কোম্পানিটির শেয়ারের বাজার দরের উল্লেখযোগ্য প্রভাবিত হওয়ার সম্ভাবনা থাকে, তাহলে উক্ত ব্যক্তিকে 'ইনসাইডার' বলে বিবেচনা করা হবে। আভ্যন্তরীণ তথ্যগুলোকে অবশ্যই বিশেষ সতর্কতার সাথে সামাল দিতে হবে। কখনোই নিজের ব্যবসার প্রয়োজনে বা অন্যদেরকে তাদের শেয়ার লেনদেন করতে বলে পরামর্শ প্রদান বা তথ্য প্রদানের উদ্দেশ্যে আভ্যন্তরীণ তথ্যসমূহ ব্যবহার করা যাবে না। আভ্যন্তরীণ লেনদেন আইনের লংঘন।



আমরা

» **আভ্যন্তরীণ লেনদেন পরিচালনার বিশেষ চাহিদাগুলো সম্পর্কে জ্ঞাত রয়েছি।**

# 09 | বৈচিত্র্যতা ও ন্যায্য শ্রম

সাংস্কৃতিক বৈচিত্র্য হচ্ছে সেই শক্তি, যা আমাদের কোম্পানিকে সমৃদ্ধ করছে। সকল নিয়োগের সিদ্ধান্ত, যেমন, নিয়োগ বা সুবিধাদি প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত আলোচ্য ব্যক্তির যোগ্যতা অনুসারে তার বর্ণ, গায়ের রং, ধর্ম, জাতীয়তা, লিঙ্গ, বয়স, শারীরিক সীমাবদ্ধতা, প্রতিবন্ধীত্ব, লিঙ্গ পছন্দ বা আইনতঃ সুরক্ষিত অন্য কোন অবস্থা বিবেচনায় না রেখে তার যোগ্যতা অনুসারে নেয়া হলেও Exyte-এর বৈচিত্র্য ব্যবস্থাপনা কেবল এটুকুতেই সীমাবদ্ধ নয়। এটির মাধ্যমে একই সাথে এটাও বুঝায় যে, আমরা আমাদের কর্মীদের জন্য গর্বিত, তাদের মধ্যে থাকা এই বহুমাত্রিকতা দ্বারা উপকৃত হয়ে থাকি এবং আলাদা আলাদা ভাবে সকলের জন্যই আমাদের সমর্থন রয়েছে।

বহুমাত্রিকতা নির্দেশ করে যে, আমরা বৈষম্য করি না এবং তদুপরি, আমরা বৈষম্য সহ্যও করি না। সকল কর্মীদেরই বলা হয় অন্যদের সাথে সম্মান ও ন্যায্যতা বজায় রেখে আচরণ করার জন্যে। কর্মস্থলে কোন ধরনের বৈষম্য বা নিপীড়ন সহ্য করা হবে না। যে কোন অপরাধের বিপরীতে শৃংখলা রক্ষামূলক পদক্ষেপ গ্রহণ করা হবে।

আমরা ন্যায্য শ্রম পরিবেশ বজায় রাখার জন্য চেষ্টা করে চলি এবং বলপূর্বক পরিশ্রম বা শিশু শ্রম এবং ন্যায্য পারিতোষিক বিষয়ে প্রযোজ্য সকল জাতীয় নিয়ম মেনে চলি। আমরা আমাদের সকল কর্মীদের বলেছি সজাগ থাকতে ও শ্রম আইনের নিয়ম অমান্য হচ্ছে কিনা লক্ষ্য রাখতে এবং নিবিড় ভাবে তা পর্যবেক্ষণ করতে।

>> আমরা বৈচিত্র্যতাকে শক্তি হিসেবে দেখে থাকি, **ন্যায্যতাকে সমর্থন করি এবং** আমাদের কর্মীদের মধ্যে এবং আমাদের ব্যবসায়িক সহযোগীদের প্রতি **সম্মানজনক সহায়তা** বজায় রাখতে উৎসাহিত করি।

# 10 | Exyte-এর Code of Conduct বাস্তবায়ন

Exyte Group-এর সকল কর্মী Exyte-এর Code of Conduct অনুধাবন করতে পারবেন এবং তা নিজেদের প্রাত্যহিক কাজকর্মে প্রয়োগ করবেন বলে আশা করা যাচ্ছে। যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অনুবর্তিতা সম্পর্কিত নির্ধারিত প্রশিক্ষণে অংশগ্রহণ এবং নিজের কোন প্রশ্ন থাকলে বা নিজের কর্তব্য সম্পর্কে দ্বিধা থেকে থাকলে সক্রিয় ভাবে Exyte Compliance Team-এর কাছ হতে সহায়তা গ্রহণ।

Exyte-এর Code of Conduct মেনে চলাটা সকল কর্মীর
» **ব্যক্তিগত দায়িত্ব।**

ব্যবস্থাপকদের কাছ হতে আশা করা যাচ্ছে যে, তারা তাদের দলের সদস্যদের Exyte Group-এর Code of Conduct-এর সাথে পরিচিত করিয়ে দিবেন এবং তাদের দলের অনুবর্তী থাকার গুরুত্বের উপর জোর দিবেন। তাদের কাছ হতে এমনটিও আশা করা যাচ্ছে যে, তারা প্রয়োজনীয় প্রক্রিয়া অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে কি না এবং অনুবর্তিতা বজায় রয়েছে কি না, সেদিকে নজর রাখবেন এবং আইন ও Exyte-এর Code of Conduct মেনে চলা এবং সততা বজায় রাখার মাধ্যমে অনুকরণীয় দৃষ্টান্ত হওয়ার নিজেদের বিশেষ দায়িত্বটিও আশানুরূপ ভাবে পালন করবেন।

সকল >> **ব্যবস্থাপকই** নিজেদের দায়িত্বপ্রাপ্ত ক্ষেত্রগুলোতে **অনুবর্তিতা নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত।**



COMPLIANCE
» The right way « exyte

## আপনার কন্টাক্টসমূহ

**Dr. Steffen Liebendörfer**
Vice President Compliance
Exyte Management GmbH
70376 Stuttgart
Germany
T +49 711 8804-1045
Steffen.liebendoerfer@exyte.net

**Dr. Julia Melzer**
Compliance Manager
Exyte Management GmbH
70376 Stuttgart
Germany
T +49 711 8804-4119
Julia.melzer@exyte.net